# EPL Plus Capsule

**Carbonyl iron, Folic acid, Zinc, Vitamin B-complex & Vitamin C**

**PRESENTATION:**

Each EPL Plus capsule contains blended pellets of

| | | |
|---|---|---|
| Elemental iron (as carbonyl iron) | INN | 50.0 mg |
| Folic acid (vitamin-$B_9$) | USP | 0.5 mg |
| Zinc sulphate monohydrate | USP | 61.8 mg |
| Thiamine mononitrate (vitamin-$B_1$) | USP | 2.0 mg |
| Riboflavin (vitamin-$B_2$) | USP | 2.0 mg |
| Nicotinamide (vitamin-$B_3$) | USP | 10.0 mg |
| Pyridoxine hydrochloride (vitamin-$B_6$) | USP | 1.0 mg |
| Vitamin C (as ascorbic acid) | USP | 50.0 mg. |

**DESCRIPTION:**

EPL Plus is a special preparation of carbonyl iron, folic acid, zinc, vitamin B-complex and vitamin-C. Iron is presented in carbonyl iron form to avoid gastric irritation and to avoid toxicity.

**INDICATIONS:**

EPL Plus is indicated for the treatment and prophylaxis of iron, vitamin-B complex, vitamin-C and zinc deficiency, especially during pregnancy and lactation. It is also indicated for women with heavy menstrual bleeding, geriatric patients and generalized weakness due to vitamins and minerals deficiency.

**DOSAGE AND ADMINISTRATION:**

One capsule daily before food or as directed by the physician.

**CONTRAINDICATIONS:**

EPL Plus is contraindicated in patients with a known hypersensitivity to any of the ingredients. Drugs that inhibit dihydrofolate reductase (e.g. methotrexate, trimethoprim) or that interfere with the absorption and storage of folate in tissues should not be administered with EPL Plus capsule.

**PRECAUTIONS:**

Care should be taken in patients who may develop iron overload, such as those with hemochromatosis, hemolytic anaemia or red cell aplasia. Failure to respond to the treatment requires further investigations to exclude other causes of anaemia. There may be risk of zinc accumulation in patients with renal failure.

**SIDE EFFECTS:**

Generally well tolerated. However, a few allergic reactions may be seen. Oral administration of folic acid may cause constipation particularly in older patients.

**USE IN PREGNANCY & LACTATION:**

Recommended.

**DRUG INTERACTIONS:**

Folic acid interacts with antiepileptic drugs, no plasma concentrations of phenobarbital, phenytoin possibly reduced. Iron may decrease the absorption of antacids, tetracyclines, quinolone antibiotics, levodopa, levothyroxime, methyldopa and penicillamine.

**OVER DOSAGE:**

Symptoms of over dosage with iron can cause epigastric pain, nausea, and vomiting, bloody diarrhea, vomiting, acidosis, darkened stools, abdominal pain, hematemesis. Symptoms may clear in a few hours. In acute iron over dosage treatment consists of gastric lavage followed by the introduction of 5 gm desferrioxamine into the stomach. Riboflavin is reported to be safe and no toxic symptoms have been reported so far. Higher doses of nicotinamide may cause vomiting, diarrhea, sensory neuropathy. No cases of folic acid over dosages have been reported. Excess intake of zinc (1-2 gm /day) for prolonged period can damage immune system. Zinc intake should be kept under 100 mg/day.

**PHARMACEUTICAL PRECAUTIONS :**

Store in a cool and dry place (below $25^0$ C) and keep away from light. Keep out of reach of children.

**PACKAGING:**

**EPL Plus :** Each box contains 3x10's capsule in blister strip.

*Manufactured by:*

Globe

**Globe Pharmaceuticals Ltd.**

Noakhali, Bangladesh.

# ইপিএল প্লাস ক্যাপসুল

**কার্বোনাইল আয়রণ, ফলিক এসিড, জিংক, ভিটামিন বি-কমপ্লেক্স এবং ভিটামিন-সি**

**উপস্থাপন ঃ**

প্রতিটি ইপিএল প্লাস ক্যাপসুলে ব্লেন্ডেড পিলেট আকারে রয়েছে-

| | | |
|---|---|---|
| মৌলিক আয়রণ (কার্বোনাইল আয়রণ) | আইএনএন | ৫০.০ মিগ্রা |
| ফলিক এসিড (ভিটামিন-বি$_৯$) | ইউএসপি | ০.৫ মিগ্রা |
| জিংক সালফেট মনোহাইড্রেট | ইউএসপি | ৬১.৮ মিগ্রা |
| থায়ামিন মনোনাইট্রেট (ভিটামিন-বি$_১$) | ইউএসপি | ২.০ মিগ্রা |
| রিবোফ্লাভিন (ভিটামিন-বি$_২$) | ইউএসপি | ২.০ মিগ্রা |
| নিকোটিনামাইড (ভিটামিন-বি$_৩$) | ইউএসপি | ১০.০ মিগ্রা |
| পাইরিডক্সিন হাইড্রোক্লোরাইড (ভিটামিন-বি$_৬$) | ইউএসপি | ১.০ মিগ্রা |
| ভিটামিন-সি (এসকরবিক এসডি) | ইউএসপি | ৫০.০ মিগ্রা। |

**বিবরণ ঃ**

ইপিএল প্লাস ক্যাপসুল কার্বোনাইল আয়রণ, ফলিক এসিড, জিংক, ভিটামিন বি-কমপ্লেক্স এবং ভিটামিন-সি এর একটি বিশেষ প্রস্তুতি। আয়রণ জনিত গ্যাস্ট্রিক প্রদাহ এবং বিষক্রিয়া থেকে অব্যহতি পেতে এতে কার্বোনাইল আয়রণ দেওয়া হয়েছে।

**নির্দেশনা ও ব্যবহার ঃ**

আয়রণ, ফলিক এসিড, জিংক, ভিটামিন বি-কমপ্লেক্স এবং ভিটামিন-সি এর ঘাটতি জনিত চিকিৎসায় বিশেষ করে গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে ইপিএল প্লাস নির্দেশিত। এছাড়া মেয়েদের রজঃবৃত্তি কালে অতিরিক্ত রক্তক্ষরণে, বয়স্ক ও অন্যান্যদের ক্ষেত্রে ভিটামিন এবং মিনারেল এর ঘাটতি জনিত শারীরিক দূর্বলতায় ইপিএল প্লাস নির্দেশিত।

**সেবনমাত্রা ও বিধি ঃ**

দৈনিক ১টি ক্যাপসুল খাবারের আগে সেব্য অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী নির্দেশিত।

**প্রতিনির্দেশনা ঃ**

যাদের এই ওষুধের কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে ঔষুধটি প্রতিনির্দেশিত। যে সমস্ত ওষুধ (মিথোট্রিক্জেট, ট্রাইমিথোপ্রিম) ডাইহাইড্রোফোলেট রিডাকটেজ এনজাইমকে বাধাদান করে অথবা টিস্যুতে ফোলেট এর শোষণ ও সংরক্ষণ কমিয়ে দেয় তাদের সাথে ওষুধটি প্রতিনির্দেশিত।

**সর্তকতা ঃ**

যে সব রোগীদের আয়রণ ওভারলোড রয়েছে, যেমন-হিমোক্রোম্যাটোসিস, হিমোলাইটিক অ্যানিমিয়া অথবা রেড সেল অ্যাপ্লাসিয়া তাদের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা উচিত। কিডনির সমস্যার কারণে জিংক জমে যেতে পারে।

**পার্শ্ব-প্রতিক্রিয়া ঃ**

সাধারণত সুসহনীয়। তথাপি কিছু অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দিতে পারে। মুখে খাওয়া ফলিক এসিড বিশেষ করে বয়স্কদের কোষ্ঠকাঠিন্য সৃষ্টি করতে পারে।

**গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে ঃ**

অনুমোদিত।

**ওষুধের আন্তঃক্রিয়া ঃ**

ফলিক এসিড মৃগী রোগের ওষুদের সাথে আন্তঃক্রিয়া করে। এন্টাসিড, টেট্রাসাইক্লিন, কুইনোলন এন্টিবায়োটিক, লিভোডোপা, লিভোথাইরক্সিম, মিথাইলডোপা এবং পেনিসিলামিন এর শোষণের হারকে আয়রণ কমিয়ে দিতে পারে।

**মাত্রাধিক্য ঃ**

মাত্রাধিক্য আয়রণ এপিগ্যাস্ট্রিকের ব্যথা, রক্তযুক্ত ডায়রিয়া, বমি, অ্যাসিডোসিস, কালো মল, অ্যবডোমিনাল ব্যথা, হেম্যাটেমিসিস সৃষ্টি করতে পারে। লক্ষনসমূহ কয়েক ঘন্টার মধ্যে দূর হয়ে যায়। মাত্রাতিরিক্ত আয়রণের প্রতিকার হিসাবে ৫ গ্রাম ডেসফেরিক্সামিন সহযোগে পাকস্থলী ধৌত করতে হবে। বেশী মাত্রার নিকোটিনামাইডে বমি, ডায়রিয়া, সেনসরী নিউরোপ্যাথী দেখা দিতে পারে। ফলিক এসিডের মাত্রাধিক্যের কোন তথ্য পাওয়া যায় নাই। এসকরবিক এসিড বেশী মাত্রায় গ্রহণ করলে তেমন কোন উল্লেখযোগ্য প্রভাব দেখা যায় না। অতিরিক্ত মাত্রার জিংক (প্রতিদিন ১-২ গ্রাম) দীর্ঘদিন ধরে ব্যবহার করলে রোগ প্রতিরোধ ক্ষমতা নষ্ট হতে পারে। প্রতিদিন ১০০ মিগ্রা এর নিচে জিংক গ্রহণ করা উচিত।

**ফার্মাসিউটিক্যাল সতর্কতা ঃ**

আলো থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে (২৫° সেলসিয়াস তাপমাত্রার নীচে) সংরক্ষণ করুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহ ঃ**

**ইপিএল প্লাস ক্যাপসুল ঃ** প্রতিটি বাক্সে আছে ৩ x ১০ টি ক্যাপসুল ব্লিস্টার স্ট্রীপে।

*প্রস্তুতকারকঃ*

Globe

**গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড**

নোয়াখালী, বাংলাদেশ